# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
**প্রধান কার্যালয়, ঢাকা।**
**ডিসিপ্লিন ,গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট**

**বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ১৩.১২.২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।**

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২য় সভা ১৩ ডিসেম্বর ২০২২ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় কর্পোরেশনের মহাব্যবস্থাপক (অ্যাডমিন) মহোদয়ের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের লেভেল-১৪ এ মহাব্যবস্থাপক (অ্যাডমিন) মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটির নিম্নোক্ত সদস্যগণ অংশগ্রহণ করেন:

| ক্রমিক নং | নাম ও আইডি নম্বর | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ০১. | **জনাব রাজী উদ্দিন আহমেদ**<br>১৯৯০০০০৫ | মহাব্যবস্থাপক<br>অ্যাডমিন | আহবায়ক |
| ০২. | **জনাব মোঃ নাসিমুল করিম**<br>১৯৯৫০০৪৫ | উপ-মহাব্যবস্থাপক<br>ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লাইন্স ডিভিশন | সদস্য |
| ০৩. | **জনাব বিভাস সাহা**<br>১৯৯৫০০৪৮ | উপ-মহাব্যবস্থাপক<br>অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন | সদস্য |
| ০৪. | **জনাব আব্দুল্লাহ আল মামুন**<br>২০০৭০০১১ | সহকারী মহাব্যবস্থাপক<br>ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট ও পেনশন এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট (যৌথ দায়িত্ব) | সদস্য সচিব |

০২। সভায় ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্টের সহকারী মহাব্যবস্থাপক ও কমিটির সদস্য সচিব সাচিবিক দায়িত্ব পালন করেন এবং সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করেন। সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং সদস্য সচিবকে বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

০৩। সদস্য সচিব নিম্নোক্ত আলোচ্য বিষয়ে সভাকে অবহিত করেনঃ

**"কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর অধীন ২য় কোয়ার্টারে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে"।**

সদস্য সচিব কমিটিকে আরও অবহিত করেন যে মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এবং সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২৮ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তির সেকশন ৩ এর কর্মসম্পাদন পরিকল্পনার অধীন সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণের অংশ হিসেবে সংযোজনী-৬ এ বর্ণিত প্রাতিষ্ঠানিক কার্যক্রমের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশনা রয়েছে।

(চলমান পাতা-২)

সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করবে এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যালোচনা করবে। এছাড়া, পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবে। সে প্রেক্ষিতে কর্পোরেশনের সিটিজেনস্ চার্টারে বর্ণিত সেবাসমূহ প্রতিশ্রুতি অনুযায়ী এবং যথাযথভাবে প্রদান করা হচ্ছে কি-না সে ব্যাপারেও ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট হতে দৈবচয়ন ভিত্তিতে কতিপয় সেবা প্রদানকারী ডিপার্টমেন্ট পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শনে প্রতীয়মান হয় যে , সংশ্লিষ্ট সেবা প্রদানকারী ডিপার্টমেন্টসমূহ কর্তৃক সিটিজেনস্ চার্টারে বর্ণিত সেবা যথাযথভাবে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করা হচ্ছে।

০৪। উক্ত সভায় বিস্তারিত আলোচনা এবং পর্যবেক্ষণপূর্বক কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। এছাড়া, কমিটির সদস্যগণের বিস্তারিত আলোচনা শেষে কমিটি কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | কর্পোরেশনের পরিবীক্ষণ কমিটি কর্তৃক ১০ টি সেবা দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা করা হয় এবং সিটিজেন চার্টার মোতাবেক সময়াবদ্ধ সেবা প্রদানের বিষয়ে সঠিকতা পাওয়া যায়। | কর্পোরেশনের পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি তিন মাস অন্তর এই দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা অব্যাহত রাখতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি |
| ০২. | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি ত্রৈমাসিকে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে এবং সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী একটি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত সহ ওয়েবসাইটে প্রদর্শনসহ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ৯০% বাস্তবায়নের জন্য ০৪ নম্বর প্রাপ্তির বিষয়ে আলোচনা হয়। | সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শন সহ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করতে হবে। | ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট |
| ০৩. | কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) ১ম কোয়ার্টারের ন্যায় ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য ২০২২-২৩ অর্থবছরে এপিএ তে এর জন্য কর্মসম্পাদন সূচকের মান বাড়িয়ে ০৯ ধরা হয়েছে। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট |
| ০৪. | ২০২২-২৩ অর্থবছরের এপিএ তে প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন বিষয়টি সংযোজন হয়েছে এবং উক্ত সূচকের জন্য ০৩ নম্বর বরাদ্দ দেয়ার বিষয়টি আলোচনা করা হয়েছে। উক্ত কমিটি পুনর্বহাল থাকায় কমিটির প্রশাসনিক পরিপত্রটি ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্বহাল থাকায় কমিটির প্রশাসনিক পরিপত্রটি ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৫. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে | ২য় কোয়ার্টারে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন | ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট |

চলমান পাতা-৩

| | | | |
|---|---|---|---|
| | সভা আয়োজনের উল্লেখ রয়েছে। ২য় ত্রৈমাসিকে উক্ত সভার বিষয়ে আলোচনা হয়েছে। | দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজন করতে হবে। | |
| ০৬. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে বাৎসরিক দুইটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। এক্ষেত্রে ২য় কোয়ার্টারে একটি সভা আয়োজনের ব্যাপারে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে পরবর্তী কোয়ার্টারে একটি সভা আয়োজন করতে হবে। | ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট |
| ০৭. | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি কর্তৃক ১ম ত্রৈমাসিকে পরিদর্শনে সিটিজেনস্ চার্টারে ইইএফ আইসিটি অ্যাপ্রাইজাল ডিপার্টমেন্ট এর উল্লিখিত সেবা যথাযথ না থাকায় তা সংশোধনের পরামর্শ দেয়া হলে ২য় ত্রৈমাসিকে তা সংশোধনের উদ্যোগ নেয়ার ব্যাপারে আলোচনা হয়। | সিটিজেনস্ চার্টারে ইইএফ আইসিটি অ্যাপ্রাইজাল ডিপার্টমেন্ট এর সেবার আওতা সংশোধন করতে হবে। | ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট ও প্রোগ্রামিং ডিপার্টমেন্ট |
| ০৮. | এছাড়া পদোন্নতি/বদলি জনিত কারণে সিটিজেনস্ চার্টারে কয়েকজন কর্মচারীর নাম পরিবর্তনের ব্যাপারে আলোচনা করা হয়। | পদোন্নতি/বদলি জনিত কারণে সিটিজেনস্ চার্টারে কয়েকজন কর্মচারীর নাম পরিবর্তন করতে হবে। | ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট |
| ০৮. | এপিএ তে উল্লিখিত ছক অনুযায়ী প্রমাণক সংযুক্ত কর্পোরেশন এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অর্থবছরের ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন ৫ জানুয়ারী ২০২৩ তারিখের মধ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের করার বিষয়ে আলোচনা করা হয়। | ২০২২-২৩ অর্থবছরের ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন ৫ জানুয়ারী ২০২৩ তারিখের মধ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করতে হবে। | ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট |

০৫। সভায় আলোচনার জন্য আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(আব্দুল্লাহ্ আল মামুন)**
সহকারী মহাব্যবস্থাপক
সদস্য সচিব

**(বিভাস সাহা)**
উপ-মহাব্যবস্থাপক
সদস্য

**(মোঃ নাসিমুল করিম)**
উপ-মহাব্যবস্থাপক
সদস্য

**(রাজী উদ্দিন আহমেদ)**
মহাব্যবস্থাপক (অ্যাডমিন)
আহবায়ক

তারিখঃ ১৩ ডিসেম্বর ২০২২ খ্রিঃ